

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

নম্বর-মপবি/ক:বি:শা:/সক-৫/২০০৩-১৭৫

০৪ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
তারিখ:-----।
১৯ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি' নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে:

(ক) কমিটির গঠন:

(১) মন্ত্রিপরিষদ সচিব	চেয়ারম্যান
(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
(৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
(৪) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	সদস্য
(৫) সচিব, আইন ও বিচার বিভাগ	সদস্য
(৬) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
(৭) সচিব, সুরক্ষা সেবা বিভাগ	সদস্য
(৮) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
(৯) সচিব, শিল্প মন্ত্রণালয়	সদস্য
(১০) সচিব, পরিকল্পনা বিভাগ	সদস্য
(১১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	সদস্য
(১২) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
(১৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	সদস্য
(১৪) সচিব, জননিরাপত্তা বিভাগ	সদস্য
(১৫) সচিব, অর্থ বিভাগ	সদস্য
(১৬) প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগের সচিব	সদস্য

উপর্যুক্ত কমিটির কার্য সম্পাদনে প্রযোজ্য ক্ষেত্রে 'সচিব' বলিতে সিনিয়র সচিবও বুঝাইবে।


অপর পাতায় দ্রষ্টব্য

(খ) কমিটির কার্যপরিধি:

- (১) সরকারি কার্য পরিচালনার পদ্ধতি, দক্ষতা এবং সরকারি সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য প্রশাসনিক ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করা;
 - (২) একাধিক মন্ত্রণালয়/বিভাগ সম্পৃক্ত এমন বিষয় বিবেচনা করা;
 - (৩) মন্ত্রণালয়/বিভাগ অথবা দপ্তর/অধিদপ্তর-এর সৃজন কিংবা পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করা;
 - (৪) নতুন কর্পোরেশন/স্বশাসিত সংস্থার সৃজন কিংবা বিদ্যমান কর্পোরেশন/সংস্থার পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করা;
 - (৫) প্রশাসনিক দক্ষতা, দ্রুততা এবং ব্যয় সংকোচনের মাধ্যমে সরকারি কর্মকান্ড সম্পাদন সম্পর্কীয় যে কোন ধরনের বিষয় বিবেচনা করা এবং
 - (৬) সম্পূর্ণরূপে সরকারি মালিকানাধীন কোম্পানির সৃষ্টি, অবসান, বিভক্তি বা একীভূতকরণের প্রস্তাব বিবেচনা করা।
- (গ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(ড. আবু সালেহ মোস্তফা কামাল)

যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)


ফোন: ৯৫৭১৬০০।

নম্বর-মপবি/ক:বি:শা:/সক-৫/২০০৩-১৭৫

০৪ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
তারিখ:-----।
১৯ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট-এ প্রকাশের জন্য)।
- ৫। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ২০০ (দুইশত) কপি মন্ত্রিপরিষদ বিভাগে জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল]।


(খন্দকার ইসতিয়াক আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১১০৮১।